2018-2019 NYC হাই স্কুলে ভর্তি

ভিজ্যুয়াল আর্টস অডিশন গাইড

ভিজ্যুয়াল আর্টস প্রোগ্রাম সম্পর্কে আপনার যেসব বিষয় জানতে হবে

NYC Department of Education

সেকশনের উপরিচিত্র

1. কীভাবে এই গাইডটি ব্যবহার করতে হবে
2. হাই স্কুল অডিশন প্রক্রিয়ার উপরিচিত্র
3. অডিশন রেজিস্ট্রেশন এবং সাধারণ অডিশনের অংশসমূহ
4. একটি ভিজ্যুয়াল আর্টস অডিশনের জন্য কীভাবে প্রস্তুতি নিতে হয়
5. হাই স্কুলের প্রোগ্রামসমূহ এবং অডিশনের তথ্য
6. আপনার ব্যক্তিগত অডিশনের সময়সূচি

সেকশন 1 – এই গাইডটি কীভাবে ব্যবহার করবেন

এই গাইডটি শিক্ষার্থী ও পরিবারবর্গকে অডিশন প্রক্রিয়ার জন্য প্রস্তুতি গ্রহণে সহায়তা করার জন্য প্রণয়ন করা হয়েছে। এই গাইডের মাধ্যমে আপনি:

- **ভিজ্যুয়াল আর্টস সম্পর্কে জানুন।** ভিজ্যুয়াল আর্টস প্রোগ্রামের প্রয়োজনীয়তা কী? ভিজ্যুয়াল আর্টস-এর একজন শিক্ষার্থী হিশেবে আপনি কী প্রত্যাশা করতে পারেন? আরও তথ্যের জন্য নিচের বিবরণটি দেখুন।

- **অডিশন প্রক্রিয়াটি বুঝুন।** পৃষ্ঠা দুইয়ে প্রদত্ত উপরিচিত্র আপনাকে হাই স্কুল অডিশনে আপনি কী প্রত্যাশা করতে পারেন সেসম্পর্কে একটি ধারণা দেবে।

- **সাধারণ অডিশনের অংশগুলি পর্যালোচনা করুন।** যে সকল হাই স্কুল সাধারণ অডিশনের অংশগুলিতে অংশগ্রহণ করে তারা অডিশনের একই গাইডলাইন শেয়ার করে। এই গাইড ভিজ্যুয়াল আর্টস প্রোগ্রামে অংশগ্রহণ করার ক্ষেত্রে সাধারণ অডিশনের অংশগুলি অন্তর্ভুক্ত করে।

- **অডিশনের জন্য প্রস্তুত হোন।** অডিশনে আপনার সর্বোত্তম করতে অডিশনের অংশগুলি সম্পর্কে জানুন এবং পরামর্শগুলি দেখুন।

- **আপনার আগ্রহের ভিজ্যুয়াল আর্টস প্রোগ্রামগুলির একটি তালিকা তৈরি করুন।** শৈল্পিক মেধা চর্চার জন্য নিউ ইয়র্ক সিটির যে সকল হাই স্কুল বিভিন্ন প্রোগ্রাম প্রদান করে সেগুলোর একটি সম্পূর্ণ তালিকার জন্য এই গাইডটি দেখুন। আপনার জন্য উপযুক্ত এমন প্রোগ্রামসমূহের তালিকা করতে সেকশন 6 ব্যবহার করুন এবং আপনার হেমন্তের অডিশনের সময়সূচি তৈরি করতে শুরু করুন।

- **আপনার অডিশনের সময়সূচি তৈরি করুন।** আপনার নিজস্ব অডিশন ক্যালেন্ডার পরিকল্পনা করতে প্রতিটি প্রোগ্রামের অডিশন তথ্য এবং সময়সূচি পর্যালোচনা করুন। প্রতিটি প্রোগ্রামের জন্য, অডিশনের জন্য কী কী প্রস্তুত করতে হবে এবং অডিশনে আপনি কী কী করবেন তার একটি তালিকা রয়েছে।

ভিজ্যুয়াল আর্টস কী?

ভিজ্যুয়াল আর্টস হলো সৃজনশীল অভিব্যক্তির সেই সকল রূপ যেগুলি এমন সব শিল্পকর্ম হয়ে ওঠে যা দৃষ্টি পর্যবেক্ষণ এবং প্রশংসার দাবি রাখে। ভিজ্যুয়াল আর্টস এর শিক্ষার্থীগণ বিভিন্ন মিডিয়া ও উপকরণের উপর প্রশিক্ষণ গ্রহণ করে যেমন-পেইন্টিং, ড্রইং, প্রিন্টমেকিং, কোলাজ, ভাস্কর্য, দ্বিমাত্রিক ফলিত ডিজাইন এবং ডিজিটাল মিডিয়া। কিছু কিছু স্কুল বাণিজ্যিক আর্ট অ্যাপ্লিকেশন যেমন- ইলাস্ট্রেশন, আর্কিটেকচার, অ্যানিমেশন, গ্রাফিক ডিজাইন, ফ্যাশন ডিজাইন, ফটোগ্রাফি বা অন্যান্য অ্যাপ্লিকেশনকে সমর্থন করে থাকে। শিক্ষার্থীগণ একটি আর্টস পোর্টফোলিও তৈরি করে এবং তারা স্ট্যাডির চার বছর জুড়েই প্রদর্শনীর সুযোগ লাভ করে।

সেকশন 2 – হাই স্কুল অডিশন প্রক্রিয়ার উপরিচিত্র

কিছু হাই স্কুল অডিশন আয়োজন করে।

অডিশন হচ্ছে ভর্তি পদ্ধতির একটি ধরন। নির্দিষ্ট কিছু হাই স্কুলের আর্টস প্রোগ্রামে ভর্তির জন্য শিক্ষার্থীদেরকে অবশ্যই একটি অডিশনে শৈল্পিক দক্ষতা প্রদর্শন করতে হয়। শিক্ষার্থীদের স্কুলের কর্মীদের সাথে মিলিত হবার এবং প্রোগ্রাম সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করার জন্যও অডিশনগুলি একটি বিরাট সুযোগ।

শিক্ষার্থীরা একটি অডিশনের জন্য প্রস্তুতি নেবে এবং পারফর্ম করবে সেটিই প্রত্যাশিত

হাই স্কুলের প্রোগ্রাম অনুযায়ী অডিশনের প্রত্যাশা ভিন্ন হবে। শিক্ষার্থীদের উচিত অডিশনের মানদণ্ড পর্যালোচনা করা যা হাই স্কুল ডিরেক্টরিতে স্কুল কর্তৃক প্রকাশিত হয়। যদি কোন শিক্ষার্থী একই আর্ট ফরমে অভিনিবেশ প্রদান করে একাধিক প্রোগ্রামের অডিশনে অংশগ্রহণ করে, তবে অডিশনগুলির অনেক অংশ একই রকম হবে (অডিশনের তথ্যের জন্য এই গাইডে প্রোগ্রামের বিস্তারিত দেখুন)। শিক্ষার্থীদের অবশ্যই জেনে রাখা উচিত যে তারা অডিশনের জন্য যা প্রস্তুত করেছে তার সব উপস্থাপনের সুযোগ নাও হতে পারে।

অডিশনগুলি হাই স্কুল কর্তৃক পরিচালিত হয়

সাধারণত অডিশনগুলি স্কুল প্রশাসক এবং শিক্ষকদের দ্বারা পরিচালিত হয়। কিছু হাই স্কুল অডিশনে শিক্ষার্থী ও তাদের পরিবারবর্গকে স্বাগত জানাতে তাদের বর্তমান শিক্ষার্থীগণ সহযোগিতা প্রদান করে।

অডিশনের তারিখ, পৌঁছানোর সময় এবং স্থানসমূহ ভিন্ন হতে পারে

হাই স্কুল অডিশনগুলি সাধারণত অক্টোবর থেকে জানুয়ারি পর্যন্ত অনুষ্ঠিত হয়। অডিশনের সময়সূচির জন্য এই গাইডে প্রোগ্রামের বিবরণ দেখুন।

অডিশনের দৈর্ঘ্য ভিন্ন ভিন্ন হতে পারে

অডিশন প্রক্রিয়াটিতে 2-3 ঘন্টা বা তার বেশি সময় লাগতে পারে। শিক্ষার্থীদেরকে অডিশনে কিছু হালকা নাস্তা এবং পানি আনতে উৎসাহিত করা হয়। পরিবারগুলির একই দিনে একাধিক স্কুলে অডিশনের জন্য রেজিস্টার করা উচিত নয়।

পরিবারগুলি কাছাকাছি অপেক্ষা করতে পারে

প্যারেন্ট/অভিভাবকরা অডিশন এলাকায় অনুমতি প্রাপ্ত না হওয়ায় তাদের জন্য প্রায়ই নির্বাচিত অপেক্ষার স্থান থাকে। প্যারেন্ট/অভিভাবকরা যেকোনো সময় স্কুল ভবন ছেড়ে চলে যেতে পারেন এবং পুনরায় প্রবেশ করতে পারেন। অডিশন প্রক্রিয়া শুরুর আগে শিক্ষার্থীদের এবং তাদের পরিবারের মধ্যে যোগাযোগ সম্পন্ন করা উচিত।

অডিশন প্রোগ্রামসমূহে গৃহীত হওয়া

অডিশন প্রোগ্রামে বিবেচিত হওয়ার জন্য, শিক্ষার্থীদেরকে অবশ্যই তাদের হাই স্কুল অ্যাডমিশন রাউন্ড 1 আবেদনপত্রে প্রোগ্রামগুলি তালিকাভুক্তও রাখতে হবে, যা জমাদানের তারিখ 3 ডিসেম্বর, 2018-এ। শিক্ষার্থীরা মার্চে রাউন্ড 1 আবেদনের ফলাফল পাবে। যে সকল শিক্ষার্থী Fiorello H. LaGuardia High School -এ অডিশন দিতে আগ্রহী, তাদের আবেদন প্রক্রিয়া সম্পর্কে স্কুল কাউন্সেলরের সাথে কথা বলতে হবে।

অডিশনের প্রক্রিয়া সম্পর্কিত প্রশ্নাবলী

এই গাইডটির অডিশনের প্রক্রিয়া সম্পর্কে আপনার অধিকাংশ প্রশ্নের উত্তর দেওয়া উচিত। কোনো স্কুলের অডিশনের বিষয়ে আপনার যদি নির্দিষ্ট প্রশ্ন থাকে, তাহলে বিস্তারিত তথ্যের জন্য স্কুলে সরাসরি ফোন করা অথবা ইমেল পাঠানো বা স্কুলের ওয়েবসাইটটি ভিজিট করাই সবচেয়ে ভালো উপায়।

অডিশনে বিশেষ সুবিধার ব্যবস্থা

ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (IEP), অনুমোদিত 504 পরিকল্পনা রয়েছে এমন শিক্ষার্থী, এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারগণ বিশেষ সুবিধা পেতে পারে। অডিশনে বিশেষ সুবিধা লাভের ব্যবস্থার জন্য শিক্ষার্থীদের তাদের স্কুলের কাউন্সেলরের সাথে কথা বলতে হবে।

সেকশন 3 – অডিশনের জন্য রেজিস্ট্রেশন এবং সাধারণ অডিশনের অংশসমূহ

অডিশন প্রক্রিয়ার বিষয়ে নিচে কিছু শব্দভান্ডার দেওয়া আছে যা পরিবারগুলিকে অডিশনের জন্য প্রস্তুতি গ্রহণে শিখতে হবে। এই গাইডের সেকশন পাঁচে প্রদত্ত টেবিলে এইসব শব্দাবলি পাওয়া যাবে।

অডিশনের জন্য রেজিস্ট্রেশন

শিক্ষার্থীদেরকে DOE-এর এনরোলমেন্ট পদ্ধতির মাধ্যমে অথবা স্কুল ওয়েবসাইটগুলির মাধ্যমে অডিশনের জন্য রেজিস্টার করতে হতে পারে। এই গাইডে এবং হাই স্কুল ডিরেক্টরির অডিশন স্কুল পৃষ্ঠাগুলিতে রেজিস্ট্রেশনের বিশদ বিবরণ রয়েছে। রেজিস্টার করার মাধ্যমে শিক্ষার্থীরা স্কুলের প্রশাসককে জানায় যে তারা অডিশনে অংশ নিচ্ছে এবং তারা কোন্ প্রোগ্রামে অডিশন দিচ্ছে।

সাধারন অডিশনের অংশযুক্ত প্রোগ্রামসমূহ

কিছু স্কুলের একটি নির্বাচিত গ্রুপের প্রোগ্রামসমূহে সাধারণ অডিশনের অংশগুলি থাকে যা এই ডকুমেন্টের সেকশন পাঁচে স্কুলের নামের পাশে★ আইকন দ্বারা নির্দেশিত হয়। এই প্রোগ্রামগুলি একই অডিশনের সব অংশ শেয়ার করে তাই শিক্ষার্থীরা যদি একটি অডিশনের জন্য প্রস্তুত হয় তাহলে তারা অন্য অংশগ্রহণকারী প্রোগ্রামে অংশগ্রহণের জন্যও প্রস্তুত থাকে।

সাধারণ অডিশনের অংশসমূহ - ভিজ্যুয়াল আর্টস প্রোগ্রাম
এছাড়াও আপনি এই তথ্যটি 2019 নিউ ইয়র্ক সিটি হাই স্কুল ডিরেক্টরির 24 নম্বর পৃষ্ঠায়ও পেতে পারেন

8 – 15টি বিষয়বস্তুর বৈচিত্র ও মিডিয়ার ব্যবহার সম্বলিত মৌলিক শিল্পকর্মের একটি পোর্টফোলিও তৈরি ও উপস্থাপন করুন। ত্রিমাত্রিক বস্তুর ছবি তোলা যেতে পারে এবং সেগুলি পোর্টফোলিওতে অন্তর্ভুক্ত হতে পারে। অডিশনে তিনটি পর্যন্ত ড্রইং সম্পন্ন করুন। ড্রইংয়ে অন্তর্ভুক্ত থাকতে পারে: মানুষের অবয়ব ও পর্যবেক্ষণ বা কল্পনা থেকে করা ড্রইং। নমুনার জন্য প্রতিটি স্কুলের ওয়েবসাইট দেখুন।

প্রোগ্রামগুলিতে বিভিন্ন কাজ থাকতে পারে যা তারা অন-সাইটে অফার করে, এর অন্তর্ভুক্ত একটি ইন্টারভিউ অথবা চাহিদা সাপেক্ষে লেখার নমুনা যা আপনার প্রস্তুতিকে প্রভাবিত করতে পারে। অনুগ্রহ করে এই ডকুমেন্টের প্রতিটি স্কুলের অডিশন বিষয়ক তথ্য পড়ুন। এছাড়াও, স্কুলের ওয়েবপেজটি ভিজিট করা নিশ্চিত করুন অথবা সর্ব সাম্প্রতিক হালনাগাদ বিস্তারিতের জন্য স্কুলের সাথে সরাসরি যোগাযোগ করুন।

সেকশন 4 – একটি ভিজ্যুয়াল আর্টস অডিশনের জন্য কীভাবে প্রস্তুতি নিতে হয়

কোনো ভিজ্যুয়াল আর্টস প্রোগ্রামে আবেদন করার সময়, আপনাকে সর্বোচ্চ চারটি উপায়ে আপনার দক্ষতা ও প্রতিশ্রুতি প্রদর্শনের জন্য বলা হতে পারে: আপনার কাজের একটি পোর্টফোলিওর মাধ্যমে, একটি লেখার অংশ তৈরি করে যেমন একটি রচনা লেখা, অনুরোধের ভিত্তিতে কোনো শিল্পকর্ম সম্পাদন এবং/অথবা একটি ইন্টারভিউয়ের মাধ্যমে।

1. পোর্টফোলিও

পোর্টফোলিও হলো আপনার শিল্পকর্মসমূহের একটি সংগ্রহ এবং এটি আপনার ভিজ্যুয়াল আর্টস অডিশনের একটি গুরুত্বপূর্ণ অংশ। একটি সুচিন্তিত পোর্টফোলিও আপনার শক্তিশালী দিকগুলো এবং হাই স্কুল স্তরের কাজের ক্ষেত্রে আপনার সম্ভাবনাকে প্রদর্শন করে। এটি আপনার সর্বোচ্চ প্রচেষ্টাসমূহ প্রদর্শনের একটি সুযোগ। নিম্নোক্ত গাইডলাইন আপনাকে একটি প্রতিযোগিতামূলক পোর্টফোলিও প্রণয়নে সহায়ক হবে।

উপস্থাপন: আপনি আপনার কাজগুলি সুরক্ষিত রাখা এবং একটি শক্ত ফোল্ডার ব্যবহারের মাধ্যমে একটি ভালো ধারণা তৈরি করতে পারেন। একটি পরিচ্ছন্ন উপস্থাপনা থেকে বোঝা যায় যে আপনি আপনার কাজের যত্ন নিয়েছেন এবং এর জন্য আপনি গর্বিত। আপনার কাজ হবে:

পরিচ্ছন্ন, অক্ষত এবং সুন্দর আকৃতির
ফ্রেমহীন বা ম্যাট বর্ডারে লাগানো (প্রতিটি স্কুলের ওয়েবসাইটে অডিশন গাইডলাইন দেখুন)
উল্টো পাশে লেবেলযুক্ত নিচের তথ্য থাকবে:

- আপনার নাম
- স্কুলের নাম
- পদবি
- কাজের তারিখ
- "কারো তত্বাবধানে" অথবা "কারোর তত্বাবধান ছাড়া"

সূচি: আপনি যখন আপনার পোর্টফোলিও গোছাবেন তখন যত্নসহকারে সেই সকল কাজ বেছে নিন যেগুলো আপনার মতে আপনার সেরা প্রচেষ্টাসমূহের প্রতিনিধিত্ব করে। (“কমই বেশি” একটি চমৎকার গাইডলাইন!) নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনায় রাখুন:

- সাম্প্রতিক শিল্পকর্ম নির্বাচন করুন (7 বা 8 গ্রেডে সম্পন্নকৃত কাজ)
- স্কুলগুলো স্কেচবুক দেখতে পছন্দ করে
- এমন কোনো কাজ যুক্ত করবেন না যেগুলো কোনো বিখ্যাত শিল্পীর স্টাইলে সম্পন্ন করা হয়েছে, যেগুলো বিখ্যাত শিল্পকর্মের নকল বা ছবি থেকে নকলকৃত কাজ যুক্ত করবেন না।
- অধিকাংশ কাজ পর্যবেক্ষণ থেকে সম্পন্ন করতে হবে তবে আপনি এমন কিছু কাজ যুক্ত করতে পারেন যেগুলো কল্পনা বা স্মৃতি থেকে সম্পন্ন করা হয়েছে।
- কার্টুন সংক্রান্ত কাজ একটি ন্যূনতম সীমার মধ্যে রাখতে হবে

আপনার অডিশন/আর্টস পোর্টফোলিও তৈরি করা

নির্বাচিত কাজসমূহ আপনার কম্পোজিশনের ধারণা এবং ডিজাইনের সূত্রগুলি বোঝার ক্ষমতা প্রদর্শন করবে:

- একতা: শিল্প কর্মের সকল অংশের মধ্যে সংগতির অনুভূতি যা পরিপূর্ণতার একটি অনুভূতি দেয়।
- ভারসাম্য: বস্তুর দৃশ্যমান ওজন, রং, বুনন, এবং ও স্পেসের ভারসাম্য বজায় রাখা।
- পুনরাবৃত্তি: ডিজাইনের উপাদানসমূহের পুনরাবৃত্তি শিল্পকর্মের মধ্যে ঐক্য তৈরি করে।
- বৈচিত্র: দর্শকের মনোযোগ আকর্ষণ এবং শিল্পকর্মের মধ্যে ও চারপাশে দর্শকদের চোখ গাইড করতে ডিজাইনে বিভিন্ন উপাদানের ব্যবহার।
- গুরুত্ব আরোপ: ডিজাইনের সেই অংশ যা দর্শকদের দৃষ্টি আকর্ষণ করে।
- সমানুপাত: যখন সকল অংশ (আকৃতি, পরিমাণ ও সংখ্যা) একটি অন্যটির সাথে ভালোভাবে সম্পৃক্ত হয় তখনকার ঐক্যের অনুভূতি।
- তাল: সুসংহত ধারাবাহিকতার অনুভূতি যা তখনই তৈরি হয় যখন ডিজাইনে এক বা একাধিক উপাদান বারবার ব্যবহৃত হয়।

- ফিগার-গ্রাউন্ড সম্পর্ক: উপাদানসমূহকে হয় আকৃতি (মনোযোগের স্বতন্ত্র উপাদান) বা গ্রাউন্ড (আকৃতিগুলি যে ব্যাকগ্রাউন্ড বা ল্যান্ডস্কেপের উপর থাকে) এর যেকোনো একটি হিসেবে অনুভূত হয়।
- স্কেল: কোনো ডিজাইন বা শিল্পকর্মে একটি বস্তুর তুলনায় অন্য আরেকটি বস্তুর আকার।

আপনি কোন আইডিয়ার গভীর অনুসন্ধান দেখাতে এমন কাজ বেছে নিতে পারিন যা বিষয়-ভিত্তিক অথবা আগ্রহের বিস্তৃতি প্রদর্শন করতে বিভিন্ন বিষয় অন্তর্ভুক্ত করতে পারেন (যেমন ড্রইং, পেইন্টিং, প্রিন্টমেকিং, মিডিয়া টেকনোলজি ইত্যাদি)।

আপনি বিভিন্ন যন্ত্র, সরঞ্জাম, এবং টেকনিকসহ আপনার দক্ষতা প্রদর্শন করতে মিডিয়ার বিভিন্ন অংশ ব্যবহার করে প্রস্তুতি গ্রহণের ইচ্ছা প্রকাশ করতে পারেন (যেমন ড্রইং, পেইন্টিং, প্রিন্টমেকিং, মিডিয়া টেকনোলজি ইত্যাদি)।

2. লেখার উপাদান

কিছু স্কুল শিক্ষার্থীদেরকে একটি রচনা লিখতে বলতে পারে বা তারা কেন সেই নির্দিষ্ট স্কুলে ভর্তি হতে চায় সে সম্পর্কিত কিছু ধারাবাহিক প্রশ্নের উত্তর দিতে বলতে পারে। এছাড়াও আপনাকে দুটি শিল্পকর্মের মধ্যে তুলনা করতে বলা হতে পারে। স্কুলগুলো আপনার লেখার বিষয়বস্তুর পাশাপাশি ব্যাকরণ ও যতিচিহ্নের প্রতি লক্ষ্য রাখবে। আপনার অডিশনের লেখার উপাদান হতে হবে:

- সুসংগঠিত
- সঠিক বাক্য গঠন, বানান, যতিচিহ্ন ও অনুচ্ছেদভুক্তকরণ প্রদর্শন করা
- প্রশ্নগুলোর উত্তর দেওয়া

3. অনুরোধের ভিত্তিতে নতুন শিল্পকর্ম সম্পন্ন করা

অনেক স্কুল আপনাকে "উপস্থিতভাবে" একটি বা দুইটি শিল্পকর্ম সম্পন্ন করতে বলতে পারে। সবচেয়ে সাধারণ কার্যক্রম হলো পর্যবেক্ষণ থেকে একটি আকৃতি বা জড় বস্তু অঙ্কন করা, তবে আপনাকে স্মৃতি থেকেও কোনো বস্তু অঙ্কন করতে বলা হতে পারে। সাধারণত 8.5” x 11” কাগজে কাজ করা হয়। **আপনি সাথে করে একটি ড্রয়িং পেন্সিল ও ইরেজার নিয়ে আসুন।** পরীক্ষকগণ প্রদত্ত কাজের প্রতি আপনার সৃজনশীল প্রচেষ্টা দেখতে চাইবেন।

4. ইন্টারভিউ

স্কুলসমূহ তাদের ভর্তি প্রক্রিয়ায় ইন্টারভিউ অন্তর্ভুক্ত করতে পারে। ইন্টারভিউ এর প্রশ্নাবলী স্কুলভেদে ভিন্ন হতে পারে। এই সকল ইন্টারভিউ টিপস মনে রাখার চেষ্টা করুন:

- ভারসাম্য ও উপস্থিতির ধরন বিবেচনা করা হয়।
- দৃষ্টিভঙ্গি গুরুত্বপূর্ণ; হাস্যোজ্জ্বল থাকুন এবং শিক্ষকবৃন্দ ও অন্যান্য শিক্ষার্থীদের প্রতি সম্মান প্রদর্শন করুন।
- ভিজ্যুয়াল আর্টস -এ আপনার আগ্রহ প্রকাশ করুন।
- মনোযোগ দিয়ে শুনুন এবং আপনাকে যে সকল প্রশ্ন করা হয়েছে সেগুলোর সাথে মানানসই উত্তর প্রদানের চেষ্টা করুন। সম্ভাব্য প্রশ্নাবলী:
    - আপনি কেন এই স্কুলে অডিশন দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন?
    - আপনার পোর্টফোলিওতে কি অন্তর্ভুক্ত করতে হবে সেটি আপনি কীভাবে ঠিক করেছিলেন?
    - সাম্প্রতি আপনি কোন মিউজিয়াম বা গ্যালারি ভিজিট করেছেন?
    - ভবিষ্যতে, আপনি এখানে অর্জিত আপনার শিল্প শিক্ষাকে কীভাবে ব্যবহার করার পরিকল্পনা করেছেন?

ইন্টারভিউটি কথোপকথনের আকারে হওয়ার সর্বোচ্চ সম্ভাবনা রয়েছে। আপনার কাছে আপনার ব্যাকগ্রাউন্ড, অভিজ্ঞতা এবং ভিজ্যুয়াল আর্টসে আগ্রহ সম্পর্কে জানতে চাওয়া হবে। এটি একটি বন্ধুত্বপূর্ণ কথোপকথন হবে; ইন্টারভিউ গ্রহণকারীগণ প্রত্যাশা করেন যে আপনি স্বস্তিবোধ করবেন।

সেকশন 5 – হাই স্কুলের প্রোগ্রামসমূহ এবং অডিশনের তথ্য

নিচে নউ ইয়র্ক সিটির সেই সকল হাই স্কুলের তালিকা দেওয়া হলো যেগুলো অডিশন সূচি ও শর্তাবলীসহ অডিশনে প্রযোজ্য এমন ভিজ্যুয়াল আর্টস প্রোগ্রামসমূহ পরিচালনা করে। স্কুলের নাম প্রতিটি স্কুলের ওয়েবসাইটের সাথে যুক্ত আছে; প্রোগ্রামের নামগুলি NYC School Finder প্রতিটি স্কুলের পেজের সাথে যুক্ত আছে (http://schoolfinder.nyc.gov).

Fordham High School for the Arts ★ I 500 East Fordham Road 10458	BRONX
প্রোগ্রাম: Fordham High School for the Arts I ডিরেক্টরি পৃষ্ঠা 95	কোড: X51A

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রাম সাধারণ অডিশনের বিষয়সমূহ ব্যবহার করে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন **Error! Bookmark not defined.** দেখুন) এবং নিচের কাজগুলোর অনুরোধ করে:

আপনি অডিশনে কী করবেন:

- আপনার পোর্টফোলিও উপস্থাপন করুন। অতিরিক্ত অঙ্কন হিসেবে স্কেচবুককে স্বাগত জানানো হয়।
- অডিশনে একটি তাৎক্ষণিক লেখা অন্তর্ভুক্ত।

2018-2019 অডিশনের তারিখ: (*আমাদের স্কুলের ওয়েবসাইটে অডিশনের জন্য নিবন্ধন*)

- শনিবার, অক্টোবর 27, 2018, সকাল 9
- শনিবার, নভেম্বর 17, 2018, সকাল 9
- শনিবার, ডিসেম্বর 1, 2018, সকাল 9

Theater Arts Production Company School (TAPCo) ★ I 2225 Webster Avenue 10457	BRONX
প্রোগ্রাম: Visual Arts & Technology I ডিরেক্টরি পৃষ্ঠা 145	কোড: X20T

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রাম সাধারণ অডিশনের বিষয়সমূহ ব্যবহার করে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন **Error! Bookmark not defined.** দেখুন)

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য নিবন্ধনের প্রয়োজন নেই*)

- শনিবার, অক্টোবর 20, 2018, দুপুর 1:00
- শনিবার, অক্টোবর 27, 2018, দুপুর 1:00
- শনিবার, নভেম্বর 3, 2018, দুপুর 1:00
- শনিবার, ডিসেম্বর 1, 2018, দুপুর 1:00

Abraham Lincoln High School I 2800 Ocean Parkway 11235	BROOKLYN
প্রোগ্রাম: Professional Photography I ডিরেক্টরি পৃষ্ঠা 165	কোড: K24L

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- শিক্ষার্থীদের কাজের একটি পোর্টফোলিও। পোর্টফোলিওটি দশটি অংশ নিয়ে গঠিত হওয়া উচিৎ যার মধ্যে শিক্ষার্থীরা তাদের দৃষ্টি সংক্রান্ত সংবেদনশীলতা (কৌতুকরসবোধ, নকশা, রুচি ইত্যাদি) প্রদর্শন করেন। পোর্টফোলিওটি অঙ্কন, চিত্র অথবা ফটোগ্রাফি হতে পারে।
- পোর্টফোলিওটি ফটোগ্রাফি প্রোগ্রামের ডিরেক্টর Mr. Carlos Molina বরাবর ডিসেম্বরের প্রথমদিকে মেইলের মাধ্যমে (স্কুলের ঠিকানায়) বা ইমেইল (CMolina2@schools.nyc.gov) এর মাধ্যমে জমা দিন।
- সকল আবেদনকারীকে অবশ্যই একটি পোর্টফোলিও জমা দিতে হবে; তবে যাইহোক, যদি আপনার জমা দেওয়ার মতো পোর্টফোলিও না থাকে তাহলে আপনি আপনার পোর্টফোলিও তৈরির জন্য অডিশনের যেকোনো একদিন চলে আসতে পারেন।

2018-2019 অডিশনের তারিখ: (*ইমেইলের মাধ্যমে অডিশনের জন্য রেজিস্ট্রেশন:* CMolina2@schools.nyc.gov)

- বুধবার, নভেম্বর 14, 2018, বিকেল 4
- শনিবার, নভেম্বর 17, 2018, সকাল 9
- বুধবার, ডিসেম্বর 5, 2018, বিকেল 4

- শনিবার, ডিসেম্বর 8, 2018, সকাল 9

Brooklyn High School of the Arts ★ I 345 Dean Street 11217	BROOKLYN
প্রোগ্রাম: Visual Arts । ডিরেক্টরি পৃষ্ঠা 197	কোড: K47J

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রাম সাধারণ অডিশনের বিষয়সমূহ ব্যবহার করে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন **Error! Bookmark not defined.** দেখুন)

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য নিবন্ধনের প্রয়োজন নেই*)

- বুধবার, নভেম্বর 14, 2018, বিকেল 4
- শনিবার, নভেম্বর 17, 2018, সকাল 9
- বুধবার, ডিসেম্বর 5, 2018, বিকেল 4
- শনিবার, ডিসেম্বর 8, 2018, সকাল 9

Dr. Susan S. McKinney Secondary School of the Arts I 101 Park Avenue 11205	BROOKLYN
প্রোগ্রাম: Visual Arts । ডিরেক্টরি পৃষ্ঠা 220	কোড: K42A

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- স্থির জীবন, মানুষের আকৃতি ও কাল্পনিক অঙ্কন সহ 10-20 টি মৌলিক কাজের একটি পোর্টফোলিও তৈরি করুন।

আপনি অডিশনে কী করবেন:

- শিক্ষার্থীদের অবশ্যই তাদের পোর্টফোলিও, শৈল্পিক আগ্রহ এবং অধ্যয়নের ক্ষেত্রগুলি আলোচনা করতে সক্ষম হতে হবে। শিক্ষার্থীদের অবশ্যই একটি ইন-পার্সন অঙ্কন পরীক্ষা দিতে হবে।

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য নিবন্ধনের প্রয়োজন নেই*)

- বুধবার, নভেম্বর 14, 2018, বিকেল 3:00
- শুক্রবার, নভেম্বর 16, 2018, বিকেল 3:00
- শনিবার, নভেম্বর 17, 2018, সকাল 10
- মঙ্গলবার, নভেম্বর 27, 2018, বিকেল 3:00
- শুক্রবার, নভেম্বর 30, 2018, বিকেল 3:00

Edward R. Murrow High School ★ I 1600 Avenue L 11230	BROOKLYN
প্রোগ্রাম: Fine and Visual Arts । ডিরেক্টরি পৃষ্ঠা 227	কোড: K57K

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রাম সাধারণ অডিশনের বিষয়সমূহ ব্যবহার করে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন **Error! Bookmark not defined.** দেখুন)

2018-2019 অডিশনের তারিখ: (*আপনার স্কুলের কাউন্সেলরের মাধ্যমে অডিশনের জন্য রেজিস্ট্রেশন করুন)*

- নামের শেষ অংশ A-F, শনিবার, নভেম্বর 17, 2018, সকাল 9
- নামের শেষ অংশ G-L, শনিবার, নভেম্বর 17, 2018, দুপুর 1
- নামের শেষ অংশ M-S, রবিবার, ডিসেম্বর 2, 2018 সকাল 9
- নামের শেষ অংশ T-Z, রবিবার, ডিসেম্বর 2, 2018 দুপুর 1

Art and Design High School ★ । 231-249 East 56th Street 10019	MANHATTAN
প্রোগ্রাম: Architectural Design । ডিরেক্টরি পৃষ্ঠা 333	কোড: M60N

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রাম সাধারণ অডিশনের বিষয়সমূহ ব্যবহার করে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন **Error! Bookmark not defined.** দেখুন) এবং নিচের কাজগুলোর অনুরোধ করে:
- বিভিন্ন বিষয়বস্তু নিয়ে এবং মিডিয়া ব্যবহার করে শিক্ষার্থীদের নিজস্ব চিন্তাধারা এবং পর্যবেক্ষণ থেকে তৈরি প্রকৃত শিল্পকলার 8-12টি অংশ দিয়ে পোর্টফোলিও।
- লাইন অঙ্কনের পাশাপাশি জ্যামিতিক আকার এবং ধরনের পড়াশুনার গুরুত্বের উদাহরণ অন্তর্ভুক্ত করে।
- এছাড়াও আপনাকে আপনার মহল্লার একটি নকশা এবং আপনার বেডরুমের বা আপনার অ্যাপার্টমেন্টের একটি প্ল্যান অঙ্কন করা উচিত। ত্রিমাত্রিক টুকরো ফটোগ্রাফ করা যাবে।

আপনি অডিশনে কী করবেন:

- আপনাকে পর্যবেক্ষণ এবং স্মৃতি থেকে আঁকতে হবে।

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য নিবন্ধনের প্রয়োজন <u>নেই</u>*)

- নামের শেষ অংশ A-L, শনিবার, ডিসেম্বর 1, 2018 সকাল 9
- মেক-আপ, নামের শেষ অংশ A-L, রবিবার, ডিসেম্বর 2, 2018 সকাল 9
- নামের শেষ অংশ M-Z, শনিবার, ডিসেম্বর 15, 2018 সকাল 9
- মেক-আপ, নামের শেষ অংশ M-Z, রবিবার, ডিসেম্বর 16, 2018 সকাল 9

প্রোগ্রাম: Commercial Art and Design । ডিরেক্টরি পৃষ্ঠা 333	কোড: M60P

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রাম সাধারণ অডিশনের বিষয়সমূহ ব্যবহার করে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন **Error! Bookmark not defined.** দেখুন)

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য নিবন্ধনের প্রয়োজন <u>নেই</u>*)

- *Architectural Design program এর বিষয়ে উপরে তালিকাভুক্ত অডিশনের তারিখসমূহ দেখুন।*

Fiorello H. LaGuardia High School of Music & Art and Performing Arts ★ । 100 Amsterdam Avenue 10023	MANHATTAN
প্রোগ্রাম: Fine Art । ডিরেক্টরি পৃষ্ঠা 353	কোনো কোড নেই

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রাম সাধারণ অডিশনের বিষয়সমূহ ব্যবহার করে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন **Error! Bookmark not defined.** দেখুন) এবং নিচের কাজগুলোর অনুরোধ করে:

আপনি অডিশনে কী করবেন:

- আবেদনকারীদেরকে তিনটি অঙ্কন কাজ দেওয়া হবে যার মধ্যে থাকবে পর্যবেক্ষণ থেকে মানবাকৃতি অঙ্কন করা, স্মৃতি থেকে একটি স্থির জীবন অঙ্কন করা ও কল্পনার উপর ভিত্তি করে রং দিয়ে একটি অঙ্কন তৈরি করা। অডিশনের সময় অডিশনের অঙ্কনের সকল উপাদান স্কুল কর্তৃক সরবরাহ করা হবে।

Fiorello H. LaGuardia High School of Music & Art and Performing Arts হচ্ছে একটি স্পেশালাইজড হাই স্কুল। আপনার কাউন্সেলরের কাছে নিবন্ধন করুন।

Gramercy Arts High School ★ । 40 Irving Place 10003	MANHATTAN
প্রোগ্রাম: Fine & Visual Arts । ডিরেক্টরি পৃষ্ঠা 363	কোড: M66A

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রাম সাধারণ অডিশনের বিষয়সমূহ ব্যবহার করে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন **Error! Bookmark not defined.** দেখুন)

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য নিবন্ধনের প্রয়োজন <u>নেই</u>*)

- শনিবার, নভেম্বর 17, 2018, সকাল 9
- বৃহস্পতিবার, নভেম্বর 29, 2018, বিকেল 3:30
- বুধবার, ডিসেম্বর 5, 2018, বিকেল 3:30
- বুধবার, ডিসেম্বর 12, 2018, বিকেল 3:30

The High School of Fashion Industries ★ 1225 West 24th Street 10011	MANHATTAN
প্রোগ্রাম: Art Illustration and Graphic Design । ডিরেক্টরি পৃষ্ঠা 383	কোড: M68J

আপনি অডিশনে কী করবেন:

- এই প্রোগ্রাম সাধারণ অডিশনের বিষয়সমূহ ব্যবহার করে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন **Error! Bookmark not defined.** দেখুন) এবং নিচের কাজগুলোর অনুরোধ করে:
- High School of Fashion Industries এ আবেদন করেছে এমন সকল শিক্ষার্থীকে অনলাইন www.fashionhighschool.net এ অডিশন অথবা নিজে সরাসরি আসা আবশ্যক।
- আপনার পোর্টফোলিও অনলাইনে স্কুলের ওয়েবসাইট (www.fashionhighschool.net) এর মাধ্যমে বা তালিকাভুক্ত যেকোনো একটি অডিশনের তারিখে সরাসরি গিয়ে জমা দিন।
- একটি ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করুন।

2018-2019 অডিশনের তারিখ: *(অডিশনের জন্য নিবন্ধনের প্রয়োজন নেই)*

- শুক্রবার, ডিসেম্বর 7, 2018, বিকেল 4
- শুক্রবার, ডিসেম্বর 14, 2018, বিকেল 4
- শুক্রবার, জানুয়ারি 4, 2019, বিকেল 4

অডিশনের শর্তাবলী বা কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহপূর্বক www.fashionhighschool.net ভিজিট করুন বা 212-255-1235 নম্বরে যোগাযোগ করুন।

প্রোগ্রাম: Fashion Design and Related Fields । ডিরেক্টরি পৃষ্ঠা 383	কোড: M68L

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- পাঁচটি মৌলিক ফ্যাশন ইলাস্ট্রেশন সমৃদ্ধ একটি পোর্টফোলিও তৈরি করা।

আপনি অডিশনে কী করবেন:

- High School of Fashion Industries এ আবেদন করেছে এমন সকল শিক্ষার্থীকে অনলাইন www.fashionhighschool.net এ অডিশন অথবা নিজে সরাসরি আসা আবশ্যক।
- আপনার পোর্টফোলিও অনলাইনে স্কুলের ওয়েবসাইট (www.fashionhighschool.net) এর মাধ্যমে বা তালিকাভুক্ত যেকোনো একটি অডিশনের তারিখে সরাসরি গিয়ে জমা দিন।
- একটি ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করুন।

2018-2019 অডিশনের তারিখ: *(অডিশনের জন্য নিবন্ধনের প্রয়োজন নেই)*

- *Art Illustration and Graphic Design প্রোগ্রামের জন্য উপরে তালিকাভুক্ত অডিশনের তারিখসমূহ দেখুন।*

অডিশনের শর্তাবলী বা কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহপূর্বক www.fashionhighschool.net ভিজিট করুন বা 212-255-1235 নম্বরে যোগাযোগ করুন।

প্রোগ্রাম: Business Marketing and Visual Merchandising । ডিরেক্টরি পৃষ্ঠা 383	কোড: M68M

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- আপনার কেনাকাটার প্রিয় জায়গার বর্ণনা করে এবং সেই দোকানের জন্য একটি চাক্ষুষ বিজ্ঞাপন দিয়ে একটি 200 শব্দের রচনা লিখুন।

আপনি অডিশনে কী করবেন:

- High School of Fashion Industries এ আবেদন করেছে এমন সকল শিক্ষার্থীকে অনলাইন www.fashionhighschool.net এ অডিশন অথবা নিজে সরাসরি আসা আবশ্যক।
- আপনার পোর্টফোলিও অনলাইনে স্কুলের ওয়েবসাইট (www.fashionhighschool.net) এর মাধ্যমে বা তালিকাভুক্ত যেকোনো একটি অডিশনের তারিখে সরাসরি গিয়ে জমা দিন।
- একটি ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করুন।

2018-2019 অডিশনের তারিখ: *(অডিশনের জন্য নিবন্ধনের প্রয়োজন নেই)*

- *Art Illustration and Graphic Design প্রোগ্রামের জন্য উপরে তালিকাভুক্ত অডিশনের তারিখসমূহ দেখুন।*

অডিশনের শর্তাবলী বা কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহপূর্বক www.fashionhighschool.net ভিজিট করুন বা 212-255-1235 নম্বরে যোগাযোগ করুন।

Wadleigh Secondary School for the Performing & Visual Arts ★ I 215 West 114th St. 10026	MANHATTAN
প্রোগ্রাম: Visual Arts I ডিরেক্টরি পৃষ্ঠা 456	কোড: M26J

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:
- এই প্রোগ্রাম সাধারণ অডিশনের বিষয়সমূহ ব্যবহার করে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন **Error! Bookmark not defined.** দেখুন) এবং নিচের কাজগুলোর অনুরোধ করে:

আপনি অডিশনে কী করবেন:
- অন্তত দুটি স্কেচসহ মূল শিল্পকর্মের 5 – 8 টুকরোর একটি পোর্টফোলিও উপস্থাপন করুন।

2018-2019 অডিশনের তারিখ: *(অডিশনের জন্য নিবন্ধনের প্রয়োজন নেই)*
- বৃহস্পতিবার, নভেম্বর 8, 2018, বিকেল 4:30
- শনিবার, নভেম্বর 10, 2018, সকাল 11:30
- বৃহস্পতিবার, নভেম্বর 15, 2018, বিকেল 4:30
- শনিবার, নভেম্বর 17, 2018, সকাল 11:30
- বৃহস্পতিবার, নভেম্বর 29, 2018, বিকেল 4:30
- শুক্রবার, নভেম্বর 30, 2018, বিকেল 4:30
- শনিবার, ডিসেম্বর 1, 2018, সকাল 11:30

Bayside High School I 32-24 Corporal Kennedy Street, Bayside 11361	QUEENS
প্রোগ্রাম: Digital Art & Design I ডিরেক্টরি পৃষ্ঠা 479	কোড: Q12A

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:
- অডিশনে নিয়ে আসার জন্য একটি পোর্টফোলিও প্রস্তুত করুন।

আপনি অডিশনে কী করবেন:
- সকল শিক্ষার্থীর সাক্ষাৎকার নেওয়া হবে।
- শিক্ষার্থীদের একটি স্থির চিত্র এবং নকশার অনুশীলন সম্পূর্ণ করতে হবে।

2018-2019 অডিশনের তারিখ: *(অডিশনের জন্য নিবন্ধনের প্রয়োজন নেই)*
- শনিবার, ডিসেম্বর 15, 2018, সকাল 9
- শনিবার, জানুয়ারি 5, 2019 সকাল 9

Frank Sinatra School of the Arts High School I 35-12 35th Avenue, Astoria 11106	QUEENS
প্রোগ্রাম: Fine Arts I ডিরেক্টরি পৃষ্ঠা 504	কোড: Q40J

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:
- বিভিন্ন বিষয়বস্তু নিয়ে এবং মিডিয়া ব্যবহার করে শিক্ষার্থীদের নিজস্ব চিন্তাধারা এবং পর্যবেক্ষণ থেকে তৈরি প্রকৃত শিল্পকলার 10 – 15টি অংশ দিয়ে পোর্টফোলিও তৈরি করতে হবে যার মধ্যে রেখা, মান ও বর্ণের উদাহরণ থাকবে। শিক্ষার্থীদের কাজগুলি ফ্রেমবিহীন এবং ম্যাট হওয়ার প্রয়োজন নাই। ফটোগ্রাফগুলিতে ত্রৈমাত্রিক কর্মের প্রদর্শন করা যেতে পারে।

আপনি অডিশনে কী করবেন:
- আপনার পোর্টফোলিও উপস্থাপন করুন।
- পেন্সিল ব্যবহার করে পর্যবেক্ষণ ও স্মৃতি থেকে অঙ্কন করুন।

2018-2019 অডিশনের তারিখ: *(অডিশনের জন্য নিবন্ধনের প্রয়োজন নেই)*
- Queens; নামের শেষ অংশ A-M, শনিবার, নভেম্বর 3, 2018, সকাল 7:30
- Queens; নামের শেষ অংশ N-Z, রবিবার, নভেম্বর 4, 2018, সকাল 7:30
- সিটিব্যাপী; নামের শেষ অংশ A-M, শনিবার, নভেম্বর 17, 2018 সকাল 7:30
- সিটিব্যাপী; নামের শেষ অংশ N-Z, রবিবার, নভেম্বর 18, 2018 সকাল 7:30
- মেক-আপ; শনিবার, ডিসেম্বর 1, 2018 সকাল 7:30

- মেক-আপ; রবিবার, ডিসেম্বর 2, 2018, সকাল 7:30

Newtown High School I 48-01 90th Street, Elmhurst 11373	QUEENS
প্রোগ্রাম: Major Art I ডিরেক্টরি পৃষ্ঠা 542	কোড: Q34K

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- 8 – 10টি মৌলিক কাজের একটি পোর্টফোলিও প্রস্তুত করুন (কোনো কার্টুন থাকবে না)।

আপনি অডিশনে কী করবেন:

- এখানে একটি পরীক্ষা হবে যেটিতে অন্তর্ভুক্ত থাকবে একটি স্টিল লাইফ ড্রয়িং এবং কল্পনাভিত্তিক ছয়টি চিত্রের অঙ্কন।

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য নিবন্ধনের প্রয়োজন নেই*)

- মঙ্গলবার, নভেম্বর 6, 2018, সকাল 9
- বুধবার, নভেম্বর 7, 2018 দুপুর 2
- বৃহস্পতিবার, নভেম্বর 8, 2018, দুপুর 2
- শুক্রবার, নভেম্বর 9, 2018, দুপুর 2
- মঙ্গলবার, নভেম্বর 13, 2018, দুপুর 2

Queens Technical High School I 37-02 47th Avenue, Long Island City 11101	QUEENS
প্রোগ্রাম: Graphic Arts I ডিরেক্টরি পৃষ্ঠা 557	কোড: Q68B

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- অতিরিক্ত তথ্যের জন্য স্কুলের সাথে যোগাযোগ করুন এবং অডিশনের পূর্ণ বিবরণের জন্য আমাদের ওয়েবসাইটে প্রোগ্রামের ভর্তির নিয়মনীতি দেখুন।

আপনি অডিশনে কী করবেন:

- শিক্ষার্থীদের একটি স্টিল লাইফ ড্রয়িং এবং বিজ্ঞাপনী নকশা অংকনের কাজ সম্পূর্ণ করতে হবে।
- সকল শিক্ষার্থীরই সাক্ষাত্কার নেওয়া হবে এবং পোর্টফোলিওগুলি ঐচ্ছিক তবে দৃঢ়ভাবে সুপারিশ করা হবে।

2018-2019 অডিশনের তারিখ: (আমাদের স্কুলের ওয়েবসাইটের মাধ্যমে অডিশনের জন্য *নিবন্ধন করুন)*

- শনিবার, ডিসেম্বর 15, 2018, সকাল 9

Susan E. Wagner High School I 1200 Manor Road, 10314	STATEN ISLAND
প্রোগ্রাম: Visual Arts I ডিরেক্টরি পৃষ্ঠা 601	কোড: R17H

আপনি অডিশনে কী করবেন:

- আর্ট শিক্ষার্থীরা শর্তাবলীসহ একটি সম্প্রতিক পোর্টফোলিও জমা দিবে যেটি Wagner ওয়েবসাইটে পাওয়া যাবে: www.wagnerhigh.net.

2018-2019 অডিশনের তারিখ: (*আপনার স্কুলের কাউন্সেলরের মাধ্যমে অডিশনের জন্য রেজিস্ট্রেশন করুন)*

- বৃহস্পতিবার, জানুয়ারি 3, 2019, দুপুর 2:45
- মঙ্গলবার, জানুয়ারি 8, 2019, দুপুর 2:45
- বুধবার, জানুয়ারি 9, 2019, দুপুর 2:45

সেকশন 6 — আপনার ব্যক্তিগত অডিশনের সময়সূচি

আপনি যে সকল হাই স্কুলের প্রোগ্রামগুলির জন্য আগ্রহী তাদের তালিকা তৈরি করে আপনার ব্যক্তিগত অডিশন সময়সূচি তৈরি করুন, অডিশনের তারিখ/সময় উল্লেখ করুন এবং নিবন্ধন প্রয়োজন কি না তা যাচাই করবেন।

	আমার অডিশন প্রোগ্রাম/ স্কুল:	অডিশনের তারিখ/সময়:	রেজিস্ট্রেশন প্রয়োজন?
1.			☐
2.			☐
3.			☐
4.			☐
5.			☐
6.			☐
7.			☐
8.			☐
9.			☐
10.			☐
11.			☐
12.			☐
13.			☐
14.			☐
15.			☐
16.			☐
17.			☐
18.			☐
19.			☐
20.			☐